সংযুক্ত-৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা সমবায় কার্যালয়, ভোলা।
www.cooparative.bhola.gov.bd

"বঙ্গবন্ধুর দর্শন
সমবায়ে উন্নয়ন

স্মারক নং- ৪৭.৬১.০০০০.০০০.০৩.১৬৮.১৭.১৩২৮

তারিখ ২৬/০৯/২০২২ খ্রি:।

মো: হুমায়ুন কবির, জেলা সমবায় অফিসার, ভোলা কর্তৃক মোহনা বহুমুখী সমবায় সমিতি লিঃ এর কার্যক্রমের উপর ২৬/৯/২২ খ্রি. তারিখের পরিদর্শন প্রতিবেদন।

**সমবায় সমিতির প্রাথমিক তথ্য:**

ক) সমবায়ের নামঃ মোহনা বহুমুখী সমবায় সমিতি লি: ।
খ) ঠিকানাঃ থানা রোড, পৌর ৪নং ওয়ার্ড, পো: চরফ্যাশন, উপজেলা: চরফ্যাশন, জেলাঃ ভোলা।
গ) নিবন্ধন নং ও তারিখঃ মূল নিবন্ধন নং- ১৮ বি.ডি, তারিখঃ ১৪/০২/২০০৮খ্রি.।
সংশোধিত নিবন্ধন নং-৪০ বিডি, তারিখঃ ১৩/০৮/২০১৭ খ্রি.।
ঘ) ব্যবস্থাপনা পরিষদের নির্বাচনের তারিখঃ ০৯/০২/২০২১ খ্রি.।
ঙ) সমবায় সমিতির সদস্য সংখ্যাঃ ১৮৬২ জন (সদস্য তালিকা বই অনুযায়ী)।
চ) সর্বশেষ বার্ষিক সাধারন সভার তারিখঃ ৩০/০১/২২খ্রি.।
ছ) সর্বশেষ অডিট বছর ও অডিট সম্পাদনের তারিখঃ অডিট বছর: ২০২০-২০২১খ্রি:। সম্পাদনের তারিখ: ৩০/১১/২১ খ্রি:।
জ) আদায়কৃত শেয়ার মুলধনঃ ৮৫,৭৪০/- টাকা।
ঝ) আদায়কৃত সঞ্চয় আমানতঃ ২,৭০,৫৯,১৩৮/- টাকা।

অদ্য ২৬/০৯/২০২২খ্রি. তারিখে অত্র সমবায়টি সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে সমিতির বর্তমান ব্যবস্থাপনা পরিষদের সভাপতি, ০২ জন ব্যবস্থাপনা কমিটির সদস্য এবং ০৩ জন কর্মচারী উপস্থিত ছিলেন। পরিদর্শনের শুরুতে সদস্যদের সাথে শুভেচ্ছা ও মতবিনিময় করে এবং সমিতির পরিচালনা সম্পর্কে প্রাথমিক ধারনা দিয়ে সমিতির পরিদর্শন কাজ আরম্ভ করা হয়।

**সমিতির পরিচিতিঃ**

২০০৮ সালে ২০ জন পুরুষ সদস্য নিয়ে জেলা সমবায় কার্যালয়, ভোলা হতে নিবন্ধন লাভের মাধ্যমে সমবায়টির কার্যক্রম আরম্ভ হয় ও প্রাতিষ্ঠানিক মর্যাদা লাভ করে যার নিবন্ধন নং-১৮ বিডি, তারিখ ১৪/০২/২০০৮ খ্রি.। এই সমবায়ের কর্মএলাকা সমগ্র চরফ্যাশন উপজেলা। পরবর্তীতে সমিতির উপ-আইন সংশোধিত হয়। সংশোধিত নিবন্ধন নং-৪০ বিডি, তারিখ: ১৩/০৮/২০১৭ খ্রি.। বর্তমানে এর কার্যকরী মূলধন ২,৭১,৪৪,৮৭৮/- টাকা। সমিতিতে সঞ্চয় ও ঋণ কার্যক্রম চলমান আছে। পরিদর্শনের শুরুতে সদস্যদের সাথে শুভেচ্ছা ও মতবিনিময় করে সমবায় সমিতি আইন ও বিধিমালা সম্পর্কে উপস্থিত সকলকে ধারণা প্রদান করে সমিতির পরিদর্শন কাজ আরম্ভ করা হয়। পরিদর্শনকালে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে মন্তব্যসমূহ নিম্নে দফাওয়ারী উপস্থাপন করা হলো।

০১। **পূর্ববর্তী পরিদর্শন সংক্রান্তঃ** ইতিপূর্বে সমবায় বিভাগের কোন কর্মকর্তা কর্তৃক এই সমবায়ের কার্যক্রম পরিদর্শন করা হয় নি।

০২। **সমবায়ের লক্ষ্য ও উদ্দেশ্যঃ** নিবন্ধিত উপ-আইনের বিধান অনুযায়ী সামগ্রিকভাবে সংগঠনকে অর্থনৈতিকভাবে সমিতি তথা সকল সদস্যকে স্বাবলম্বী করে তোলার জন্য সদস্যদের নিয়মিত সঞ্চয়ে উৎসাহ দেয়া, শেয়ার সঞ্চয় আদায়ের মাধ্যমে পুঁজি গঠন করে কর্মসংস্থান সৃষ্টি, কৃষি উপকরণ সরবরাহ করা, মুলধনের সঠিক ও সর্বাধিক ব্যবহার নিশ্চিত করে সদস্যদের অর্থনৈতিক ও সামাজিক উন্নয়ন, নিরাপত্তা বিধান এবং বিভিন্ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন সমবায়ের মূল উদ্দেশ্য। বর্তমানে ব্যবস্থাপনা কমিটি সমবায়ের উদ্দেশ্যসমূহ পূরণকল্পে গৃহীত পদক্ষেপ সন্তোষজনক নয়।

০৩। **সমবায়ের কর্ম ও সভ্য নির্বাচনী এলাকাঃ** সমবায়টির নিবন্ধিত উপ-আইনের ৬নং ধারা অনুসারে সভ্য নির্বাচনী ও কর্ম এলাকা সমগ্র চরফ্যাশন উপজেলার মধ্যে সীমাবদ্ধ। সমবায়টির সভ্য নির্বাচনী ও কর্ম এলাকার বাইরের কোন ব্যক্তিকে সদস্যভুক্ত করা হয় নি বা কোন কার্যক্রম পরিচালনা করা হয় নি।

০৪। **সমবায়ের উপ-আইনঃ** সমবায়ের উপ-আইন খানা সমবায় সমিতি আইন,২০০১ (সংশোধিত,২০০২ ও ২০১৩) এবং সমবায় সমিতি বিধিমালা,২০০৪ এবং নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের সকল সার্কুলার ও আদেশ অনুযায়ী এর উপ-আইন নিবন্ধিত হয়েছে। সমবায়ে উপ-আইন সংরক্ষিত আছে। তবে উপ-আইনের কপি সমবায়ের সকল সদস্যকে প্রদান করা হয় নি।

০৫। **সমবায়ের সদস্য সংখ্যাঃ** পরিদর্শনের তারিখ পর্যন্ত এই সমবায়ের সদস্য সংখ্যা ১৮৬২ জন। সদস্য ভর্তি ও বাতিলের ক্ষেত্রে আইন, বিধিমালা ও উপ-আইনের সংশ্লিষ্ট ধারা পুরাপুরি অনুসরন করা হয় নি, বিশেষ করে সদস্য ভর্তি আবেদন ফরম ব্যবস্থাপনা কমিটির সভায় অনুমোদন করা হয় নি। সদস্য রেজিস্টারের সকল কলাম পূরণ করা হয় নি। উক্ত রেজিস্টারের ১৩টি কলাম সুস্পস্টভাবে পূরণ করতে হবে।

০৬। **ব্যবস্থাপনা কমিটিঃ** বর্তমান ব্যবস্থাপনা কমিটির সদস্যদের নাম, পদবী এবং নির্বাচন, দায়িত্ব গ্রহণ (প্রথম সভা) ও মেয়াদ সংক্রান্ত তথ্য নিম্নরূপঃ

| ক্র: নং | জমা | পদবী | নির্বাচনের তারিখ | প্রথম সভার তারিখ | মেয়াদ |
|---|---|---|---|---|---|
| ০১. | জনাব মো: শফিউর রহমান | সভাপতি | ০৯/০২/২০২১ | ০৯/০২/২০২১ | ০৮/০২/২০২৪ |
| ০২. | জনাব জেসমিন বেগম | সহ -সভাপতি | ঐ | ঐ | ঐ |
| ০৩. | জনাব মো: হুমায়ুন কবির | সম্পাদক | ঐ | ঐ | ঐ |
| ০৪. | জনাব মো: মফিজুর রহমান লিটন | ব্যবস্থাপনা কমিটির সদস্য | ঐ | ঐ | ঐ |
| ০৫. | জনাব জাহানারা বেগম | ব্যবস্থাপনা কমিটির সদস্য | ঐ | ঐ | ঐ |
| ০৬. | জনাব মো: নাছিমা বেগম | ব্যবস্থাপনা কমিটির সদস্য | ঐ | ঐ | ঐ |

নিয়মিতভাবে ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠিত হয় না। সদস্য ভর্তির আবেদন, ঋণের আবেদনসহ আন্যান্য আয়-ব্যয়ের ভাউচার যথাযথভাবে অনুমোদন করা হয় না।

০৭। **নির্বাচনের অবস্থাঃ** নির্বাচন অনুষ্ঠানের ক্ষেত্রে সমবায় বিধিমালা,২০০৪ এর বিধি ২৬-৩৯ যথাযথভাবে অনুসরন করা হয়নি।

০৮। **ব্যবস্থাপনা কমিটির সভাঃ** সমিতিতে যথাযথ প্রক্রিয়ায় নিয়মিতভাবে ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠিত হয় না। সমবায় বিধিমালা,২০০৪ এর বিধি ৪২-৪৮ অনুযায়ী নিয়মিতভাবে ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠান করার জন্য পরামর্শ দেয়া হলো।

০৯। **বার্ষিক সাধারণ সভাঃ** সমবায়ের সর্বশেষ বার্ষিক সাধারণ সভা ৩০/০১/২০২২ খ্রি তারিখে অনুষ্ঠিত হয়েছে। সভায় গত বছরের আয় ব্যয় এবং ২০২২-২০২৩ খ্রি সনের বাজেট অনুমোদিত হয়। এছাড়া সভায় সদস্যদের মাঝে ঋণ প্রদানের সর্বোচ্চ সীমার সিদ্ধান্ত গৃহিত হয়। সমবায় সমিতি বিধিমালার ১৯(২) বিধি মোতাবেক বার্ষিক সাধারণ সভার কার্যবিবরনীসহ উপস্থিত সদস্যদের নামের তালিকার ছায়ালিপি নির্ধারিত সময়ে নিবন্ধক বরাবর প্রেরণ করা হয়নি।

১০। **শেয়ার আমানতঃ** সমিতির নিবন্ধিত উপ-আইনের ১৭/(১) ধারা অনুযায়ী অনুমোদিত শেয়ার মুলধনের পরিমান ৫০,০০,০০০/- টাকা। প্রতি শেয়ারের মূল্য ২০/- টাকা। পরিদর্শনের তারিখে শেয়ার মূলধনের স্থিতি ৮৫,৭৪০/- টাকা। শেয়ার খতিয়ানে সকল সদস্যের নাম খুঁজে পাওয়া যায়নি। এই খতিয়ানখানা হালনাগাদ লিপিবদ্ধ করা হয় না। সমবায় আইন,২০০১(সংশোধিত,২০০২ ও২০১৩) এর ধারা ১৫(২) অনুযায়ী সদস্যদের মাঝে শেয়ার বিক্রয় করা হয়নি বলে প্রতীয়মান হয়। শেয়ারের উপর কোন লভ্যাংশ বিতরন করা হয় না। এ বিষয়ে ব্যবস্থাপনা কমিটিকে সতর্ক করা হলো।

১১। **সঞ্চয় আমানতঃ** সমিতিতে সাধারন সঞ্চয়, দীর্ঘমেয়াদী সঞ্চয় ও মধ্য মেয়াদী সঞ্চয় এই ৩ ধরনের সঞ্চয় আদায় করা হয়ে থাকে। পরিদর্শনের তারিখ পর্যন্ত বিভিন্ন প্রকারের সঞ্চয় আমানতের স্থিতির পরিমান ২,৭০,৫৯,১৩৮/- টাকা। সদস্যদের মধ্যে সঞ্চয়ের পাশ বই প্রদান করা হয়েছে বলে জানা যায়।

১২। **ঋণ কার্যক্রমঃ** সমিতি সদস্যদের মধ্যে ক্ষুদ্র ব্যবসা, হাস-মুরগী পালন, গরু মোটাতাজাকরন, গাভী পালনসহ কৃষি কাজে সহায়ক বিভিন্ন প্রকল্পে ক্ষুদ্র ঋণ প্রদান করে থাকে। পরিদর্শনের তারিখে পাওনা ঋনের পরিমান আসল ২,৬০,৮৮,৪৯৩/- টাকা এবং সার্ভিস চার্জ ১৫,৩৮,৩৫৩/- টাকা। ঋণ বিতরনের ক্ষেত্রে সমবায় সমিতি আইন,২০০১ (সংশোধিত,২০১৩) এর ২৬ ধারা এবং সমবায় সমিতি বিধিমালা,২০০৪ এর ৬৬, ৭০-৭৫ বিধি অনুসরনে কিছুটা ত্রুটি রহিয়াছে। সমিতিতে ঋণ আদায় ও স্থিতি রেজিস্টার নাই।

১৩। **জমা-খরচ বহি সংক্রান্তঃ** পরিদর্শনকালীন সময়ে সমিতির জমা-খরচ বহিখানা পাওয়া যায় নি।

১৪। **ব্যাংক হিসাবঃ** সমিতির নামে অগ্রনী ব্যাংক, চরফ্যাশন শাখায় একটি হিসাব খোলা আছে। যাহার হিসাব নং-০২০০০১৩৫৭২৮৮৮। উক্ত হিসাবের মাধ্যমে সমিতির লেন-দেন পরিচালনা করা হয় না বলে পরিদর্শনকালীন সময়ে প্রতীয়মান হয়। উক্ত হিসাবের স্টেটম্যান্ট চাওয়া হলেও সমিতি কর্তৃপক্ষ পরিদর্শনকালীন সময়ে স্টেটম্যান্ট দাখিল করেননি।

১৫। **খাতাপত্র সংক্রান্তঃ** সমবায় সমিতি আইনের ২৪ ধারা এবং বিধিমালার ৫৬ বিধি অনুযায়ী সকল রেজিস্টার সমবায়টির অফিসে সংরক্ষিত নাই বলে পরিদর্শনকালীন সময়ে প্রমাণিত হয়।

১৬। **অন্যান্য রেকর্ডপত্রঃ** সমবায়ে টাকা আদায়ের ক্ষেত্রে রশিদ বহি ব্যবহার করা হয় না । আয়-ব্যয়ের ভাউচারগুলি ব্যবস্থাপনা কমিটির সভায় যথাযথভাবে অনুমোদন করা হয় না।

১৭। **কার্যালয়ঃ** সমবায়ের কার্যক্রম নিবন্ধিত কার্যালয়ে পরিচালিত হচ্ছে। কার্যালয়ে সমবায়ের নামে সাইনবোর্ড আছে।

১৮। **কর্মকর্তা/কর্মচারীঃ** সমবায়ের কার্যক্রম পরিচালনার জন্য নিম্নণিত ০৮জন কর্মচারী নিয়োজিত রয়েছেন। তবে কর্মচারী নিয়োগের জন্য কোন অনুমোদিত/অননুমোদিত সার্ভিস রুল নাই। কর্মচারীদের কোন নিয়োগপত্র প্রদান করা হয় নি।

| ক্র: নং | নাম | নিয়োগের তারিখ | পদবী | সাকুল্য বেতন |
|---|---|---|---|---|
| ০১ | জনাব মো: মিজানুর | নিয়োগপত্র ইস্যু করা হয় নি | মাঠ কর্মী | ১০,০০০/- |
| ০২ | জনাব মো: হেলাল | নিয়োগপত্র ইস্যু করা হয় নি | মাঠ কর্মী | ১০,০০০/- |
| ০৩ | নুরে আলম | নিয়োগপত্র ইস্যু করা হয় নি | মাঠ কর্মী | ১০,০০০/- |
| ০৪ | জনাব মোসা: আছমা বেগম | নিয়োগপত্র ইস্যু করা হয় নি | মাঠ কর্মী | ১০,০০০/- |
| ০৫ | ছালমা বেগম | নিয়োগপত্র ইস্যু করা হয় নি | মাঠ কর্মী | ১০,০০০/- |
| ০৬ | জনাব মোসা: জেসমিন | নিয়োগপত্র ইস্যু করা হয় নি | মাঠ কর্মী | ১০,০০০/- |
| ০৭ | জনাব সামছুন নাহার | নিয়োগপত্র ইস্যু করা হয় নি | মাঠ কর্মী | ১০,০০০/- |
| ০৮ | জনাব মোসা: জান্নাত | নিয়োগপত্র ইস্যু করা হয় নি | মাঠ কর্মী | ১০,০০০/- |

১৯। **অডিট ও অডিট সংশোধনীঃ** সমবায়টির ২০২০-২০২১ খ্রি. সনের অডিট জনাব মো: জাহাঙ্গীর আলম, সহ: পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, চরফ্যাশন, ভোলা কর্তৃক সম্পাদিত হয়। তবে সমবায় কর্তৃক এর ২০২০-২০২১ খ্রিঃ সনের অডিট প্রতিবেদনের উপর সংশোধনী প্রতিবেদন দাখিল করা হয়নি।

২০। **লাভ/ক্ষতি ও লভ্যাংশ বিতরণঃ** সমবায়ে ২০২০-২০২১খ্রি. সনে নীট লাভ ৭৭,৫৩০/- টাকা। সমিতিতে পুঞ্জিভুত অবস্থিত মুনাফার পরিমাণ ৭৭,০০,০২২/- টাকা। সদস্যদের মধ্যে অদ্য পর্যন্ত কোন লভ্যাংশ বন্টন করা হয় নি।

২১। **সংরক্ষিত তহবিলঃ** সমবায়টির সংরক্ষিত তহবিলের পরিমান ১,৪৫,৮৪০/- টাকা, কু-ঋণ তহবিল ৯৭,২২৫/- টাকা । তবে সমবায় সমিতি আইনের ৩৪(৩) ধারা মোতাবেক সংরক্ষিত তহবিলের নির্ধারিত অংশ এবং কু-ঋণ তহবিল নির্ধারিত স্থানে জমা রাখা হয় নি।

২২। **সমিতির তারল্য (ফ্লুইড রিসোর্সেস বা লিকুইড কভার)ঃ** সমবায় বিধিমালা,২০০৪ এর ৬৭ বিধি অনুযায়ী সমিতি তারল্য সংরক্ষন করে নি।

**সমাপনী মন্তব্য ও সুপারিশঃ**

১. অত্র পরিদর্শন প্রতিবেদনের উপর বাস্তবায়ন প্রতিবেদন দাখিল করতে হবে;
২. উপ-আইনের কপি সমবায়ের সকল সদস্যদের মধ্যে বিতরণ করতে হবে;
৩. সদস্য ভর্তি ও বাতিলের ক্ষেত্রে আইন, বিধিমালা ও উপ-আইনের সংশ্লিষ্ট ধারা, বিধি ও অনুচ্ছেদ পুরোপুরি অনুসরণ করতে হবে;
৪. আইন ও বিধি মোতাবেক আলোচ্য বিষয় নির্ধারন করে ব্যবস্থাপনা কমিটির সভা করতে হবে;
৫. শেয়ার মূলধনরে বিপরীতে শেয়ার সনদ বিতরণ করতে হবে, বিধি ৮৩ এর নির্দেশনা মোতাবেক শেয়ারের উপর লভ্যাংশ বিতরন করতে হবে;
৬. সঞ্চয় আমানত রেজিস্টার হালনাগাদ প্রস্তুত রাখতে হবে। সঞ্চয় আমানতের বিপরীতে মুনফা দিতে হবে, এফডিআরসহ কোনরকম ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করা যাবে না;
৭. ঋণ বিতরনের ক্ষেত্রে সমবায় সমিতি আইন,২০০১ (সংশোধিত,২০১৩) এর ২৬ ধারা এবং সমবায় সমিতি বিধিমালা,২০০৪ এর ৬৬ এবং ৭০-৭৫ বিধি অনুসরণ করতে হবে, ঋণ আদায় ও স্থিতি রেজিস্টার হাল নাগাদ সংরক্ষণ করতে হবে;
৮. বিভিন্ন প্রকল্পের আওতায় সম্পাদিত ক্রয়ে স্বচ্ছতা বজায় রাখতে হবে;
৯. সকল লেনদেন সমবায়ের নামীয় ব্যাংক একাউন্টের মাধ্যমে সম্পাদন করতে হবে;
১০. আইন ও বিধি মোতাবেক কর্মচারী নিয়োগের জন্য সার্ভিস রুলস তৈরী করতে হবে, কর্মচারীদের নিয়োগ পত্র দিতে হবে;
১১. ৪৭ বিধি মোতাবেক অডিট নোট প্রাপ্তির ৬০ দিনের মধ্যে সংশোধনী প্রতিবেদন দাখিল করতে হবে;
১২. সমবায় সমিতি আইনের ৩৪(৩) ধারা মোতাবেক সংরক্ষিত তহবিলের নির্ধারিত অংশ এবং কু-ঋণ তহবিল নির্ধারিত স্থানে জমা রাখতে হবে;
১৩. জেলা ও উপজেলা সমবায় কার্যালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রেখে প্রয়োজনীয় পরামর্শ গ্রহণ করতে হবে;
১৪. সমবায় বিধিমালা,২০০৪ এর ৬৭ বিধি অনুযায়ী সমিতি তারল্য সংরক্ষন করতে হবে।
১৫. সমিতির নিবন্ধিত কার্যালয় ব্যতীত অন্য কোন কার্যালয়/স্থানে সমিতির কার্যক্রম পরিচালান করা যাবে না;
১৬. বিধি ৫৬ এর নির্দেশনা মোতাবেক সকল প্রকার রেজিস্টার হালনাগাদ সংরক্ষণ ও স্বাক্ষর এবং রেজিস্টারসমূহে প্রত্যয়ন দিতে হবে;
১৭. ধারা ১৭ অনুযায়ী যথাসময়ে বার্ষিক সাধারন সভা করতে হবে, যথাসময়ে সভার কার্যবিবরণী নিবন্ধকের নিকট দাখিল করতে হবে;
১৮. বিধি ৪২-৪৮ অনুযায়ী ব্যবস্থাপনা কমিটির সভা করতে হবে, সভায় সদস্য ভর্তির আবেদন ও ঋণের আবেদনসহ অন্যান্য কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করতে হবে;
১৯. বিধি ২৬-৩৬ এর নির্দেশনা অনুযায়ী নির্বাচন অনুষ্ঠান ও রেকর্ডপত্র ও ফলাফল যথাস্থানে প্রেরণ করতে হবে;
২০. সদস্য নির্বাচনী এলাকার বাহিরে কোন ধরনের কার্যক্রম পরিচালনা না করার জন্য বল হলো;
২১. সমিতির নিবন্ধিত উপ-আইনে বর্ণিত লক্ষ্য ও উদ্দেশ্য পূরণকল্পে যথাযথ উদ্যোগ গ্রহণ করতে হবে;
২২. বিধি ১০২(৪) মোতাবেক আভ্যন্তরীন নিরীক্ষা কোষ গঠন করতে হবে;
২৩. কর্মচারীদের বেতনভাতা রেজিস্টার ব্যবহার ও পরিশোধের ক্ষেত্রে রেভিনিউ স্ট্যাম্প ব্যবহার করতে হবে;
২৪. ঋণ কমিটি গঠন ও উক্ত কমিটির সুপারিশের প্রেক্ষিতে ব্যবস্থাপনা কমিটির সভায় ঋনের আবেদন অনুমোদন/মঞ্জুর করতে হবে;
২৫ যে কোন প্রকল্প বাস্তবায়নের পূর্বে এজিএম এর অনুমোদন গ্রহণ কেরতে হবে, প্রকল্পে ৫ লক্ষ টাকার উপরে বিনিয়োগের ক্ষেত্রে বিধি ৪৬(২) অনুযায়ী নিবন্ধকের অনুমোদন গ্রহণ করতে হবে;
২৬. ব্যবস্থাপনা কমিটির সদস্য ও নিয়োজিত কর্মচারীদের শের-ই-বাংলা আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, কাশিপুর, বরিশাল ও বাংলাদেশ সমবায় একাডেমী, কোটবাড়ী, কুমিল্লায় প্রশিক্ষণে প্রেরণ করতে হবে;

26/09/2022

মো: হুমায়ুন কবির
জেলা সমবায় অফিসার
ভোলা।
ফোন : ০২৪৭৮৮৯৪৩৭৩
ই-মেইল: dco2bhola@gmail.com

স্মারক নং- ৪৭.৬১.০০০০.০০০.০৩.১৬৮.১৭.১৩২৮/১(৪)

তারিখ: ২৬/০৯/২০২২ খ্রি:।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণরে জন্য অনুলপি প্ররেণ করা হ'ল:

১. সভাপতি, মোহনা বহুমুখী সমবায় সমিতি লি:, চরফ্যাশন, ভোলা। তাঁকে অত্র পরিদর্শন প্রতিবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে বাস্তবায়ন প্রতিবেদন জেলা সমবায় কার্যালয়, ভোলায় দাখিল করতে অনুরোধ করা হলো।
২. জনাব মো: জাহাঙ্গীর আলম, অডিট অফিসার(২০২০-২০২১), মোহনা বহু: স. স. লি:, ও সহ: পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, চরফ্যাশন, ভোলা।
৩. উপজেলা সমবায় অফিসার, চরফ্যাশন, ভোলা। তাঁকে বাস্তবায়ন প্রতিবেদন দাখিল নিশ্চিত করতে অনুরোধ করা হলো।
৪. যুগ্মনিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, বরিশাল (মহোদয়ের সদয় অবগতির জন্য)।

26/09/2022
জেলা সমবায় অফিসার
ভোলা।